'৬৪

14 MAR 1998

দৈনিক ইনকিলাব

তারিখ 14 MAR 1998
পৃষ্ঠা ১২ কলাম ১

# অবিলম্বে প্রাথমিক শিক্ষক কল্যাণ ট্রাস্ট কার্যক্রম চালু করুন

—অধ্যাপক আযাদ

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** গতকাল (শুক্রবার) বিকালে নারিন্দা কে এ হামিদ সরকারী প্রাথমিক বিদ্যালয়ে সূত্রাপুর থানার প্রাথমিক শিক্ষকদের সমাবেশে বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক আবুল কালাম আযাদ অবিলম্বে প্রাথমিক শিক্ষক কল্যাণ ট্রাস্টের কার্যক্রম চালুর দাবী জানিয়েছেন। অধ্যাপক আযাদ বলেন, প্রাথমিক শিক্ষক ও তাদের পরিবার-পরিজনের চিকিৎসায় ও সন্তানদের শিক্ষার সাহায্য করার জন্য প্রাথমিক শিক্ষকগণ নিজেদের টাকায় কল্যাণ ট্রাস্ট গড়ে তোলেন। এই ট্রাস্টের ফান্ডে বর্তমানে ১ কোটি ৫০ লাখ টাকা সঞ্চিত আছে। গত সাত বছর যাবত এই ট্রাস্টের কার্যক্রম বন্ধ থাকায় হাজার হাজার শিক্ষক বিনা চিকিৎসায় মারা গেছে। [illegible] মহানগরী শাখার সভাপতি আফতাব আহমদের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় অন্যান্যের মধ্যে সমিতির সাধারণ সম্পাদক কাজী ফজলুল হক, সিনিয়র যুগ্ম সম্পাদক আলতাফ হোসেন, অর্থ সম্পাদক হারুন-অর রশিদ, মহানগরীর সম্পাদক বিএম আসাদ উল্লাহ, মহিলা সম্পাদিকা খুরশিদা বেগম, আনোয়ারা খাতুন, শাহাদাৎ হোসেন, আনোয়ার হোসেন, মোঃ শাহজাহান প্রমুখ বক্তব্য রাখেন।

বক্তাগণ বলেন, সাপ্তাহিক ছুটির বর্তমান নিয়মে প্রাথমিক শিক্ষকগণ অন্যান্য কর্মচারীদের চেয়ে বেশী সময় কাজ করছেন। তারা সময়সূচী বদলি, পরিবর্তিত সময়সূচী, বার্ষিক ইনক্রিমেন্ট, টাইম স্কেল, পদোন্নতি প্রভৃতি সমস্যা অবিলম্বে সমাধানের দাবী জানান।